



ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরধীন বগুড়া জেলা কার্যালয়ে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুব নারীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি/ কোর্স ফি	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	মৌখিক সাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরুর তারিখ
কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স	৬ মাস	এইচ,এস,সি	১০০০/-	১৮/০৬/২০২৩খ্রি.	২১/০৬/২০২৩খ্রি. সকাল- ১০.০০ টা	০২/০৭/২০২৩খ্রি.
ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং ট্রেড	৬ মাস	৮ম শ্রেণি	৩০০/-	১৮/০৬/২০২৩খ্রি.	২১/০৬/২০২৩খ্রি. সকাল- ১০.০০ টা	০২/০৭/২০২৩খ্রি.
রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ট্রেড	৬ মাস	৮ম শ্রেণি	৩০০/-	১৮/০৬/২০২৩খ্রি.	২১/০৬/২০২৩খ্রি. সকাল- ১১.০০ টা	০২/০৭/২০২৩খ্রি.
ইলেকট্রনিক্স ট্রেড	৬ মাস	৮ম শ্রেণি	৩০০/-	১৮/০৬/২০২৩খ্রি.	২১/০৬/২০২৩খ্রি. বেলা- ১২.০০ টা	০২/০৭/২০২৩খ্রি.

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী :

- প্রশিক্ষার্থীকে অনলাইনে NISE3.gov.bd > রেজিস্ট্রেশন > যুব > লগইন > অনুসন্ধানে যুব লিখে সার্চ > কোর্স চয়েজ করে নিবন্ধন করে সাবমিট করতে হবে। (প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে, মৌখিক পরিক্ষার সময় আবেদনের হার্ড কপি ও সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। শুধুমাত্র নির্বাচিত প্রশিক্ষার্থীগকে কোর্স ফি জমা প্রদান পূর্বক ভর্তি হতে হবে।)
- মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্তে আবেদনকারীকে নির্ধারিত তারিখে উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, তিনমাথা রেলগেট, বগুড়ায় সকাল ১০.০০ টায় (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন/নাগরিক সনদপত্রের মূল কপি সংগে আনতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেষ্টি থাকতে হবে।
- প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষার্থীকে কেন্দ্রের যাবতীয় নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে।
- প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিকভাবে পরিচালিত হবে।
- অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- শুধুমাত্র বগুড়া জেলার স্থায়ী অধিবাসিরা আবেদন করতে পারবে।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে।
- কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স ব্যাতিত অন্যান্য প্রশিক্ষণ ট্রেডের প্রশিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

০৭/০৬/২০২৩

(মো: তোহাদ্দেক হোসেন)

উপপরিচালক

ফোন : ০২৫৮৮৮১৩৪৪১

ddbogra@dyd.gov.bd

তারিখ : ০৭/০৬/২০২৩খ্রি.

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৫৩.১৫(অংশ-০১)/২১-৩৬৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো :

- ০১। মহাপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, বগুড়া
- ০৩। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, , বগুড়া
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, , বগুড়া
- ০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, , বগুড়া
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)
- ০৮।
- ০৯। অফিস কপি

০৭/০৬/২০২৩

(বিজয় চন্দ্র দাস)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া